

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বরঃ ২৮১৬

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যাফরান রঙে রঞ্জন এবং যাফরান ও অন্যান্য সুগন্ধ দ্রব্য মিশ্রিত প্রসাধনীর ব্যবহার পুরুষদের জন্য নিষেধ।

بَابُ مَا جَاءَ فِي كَرَاهِيَّةِ التَّزْعُفِ وَالخَلْوَقِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلَانَ، حَدَّثَنَا أَبُو دَاؤِدَ الطَّيَالِسِيُّ، عَنْ شُعبَةَ، عَنْ عَطَاءٍ بْنِ السَّائِبِ، قَالَ سَمِعْتُ أَبَا حَفْصَ بْنَ عُمَرَ، يُحَدِّثُ عَنْ يَعْلَى بْنِ مُرْرَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْصَرَ رَجُلًا مُتَخَلِّقًا قَالَ "اذْهَبْ فَاقْغِسلْهُ ثُمَّ اغْسِلْهُ ثُمَّ لَا تَعُدْ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ . وَقَدْ اخْتَلَفَ بَعْضُهُمْ فِي هَذَا الإِسْنَادِ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ . قَالَ عَلَيْ قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ مَنْ سَمِعَ مِنْ عَطَاءِ بْنِ السَّائِبِ قَدِيمًا فَسَمَاعُهُ صَحِيحٌ وَسَمَاعُ شُعبَةَ وَسُفْيَانَ مِنْ عَطَاءِ بْنِ السَّائِبِ صَحِيحٌ إِلَّا حَدِيثَيْنِ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ زَادَانَ قَالَ شُعبَةَ سَمِعْتُهُمَا مِنْهُ بِآخِرَةِ . قَالَ أَبُو عِيسَى يُقَالُ إِنَّ عَطَاءَ بْنَ السَّائِبِ كَانَ فِي آخِرِ أَمْرِهِ قَدْ سَأَءَ حِفْظُهُ . وَفِي الْبَابِ عَنْ عَمَّارٍ وَأَبِي مُوسَى وَأَنَسٍ وَأَبُو حَفْصٍ هُوَ أَبُو حَفْصِ بْنِ عُمَرَ .

বাংলা

২৮১৬. মাহমুদ ইবন গায়লান (রহঃ) ইয়া'লা ইবন মুররা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তিকে জাফরান মিশ্রিত হলদে-লাল রঙে রঞ্জিত দেখলেন। তিনি তাকে বললেনঃ যাও, এটি ধোও, আবার ধোও এর পূরণরাবৃত্তি কখনও করবে না।

য়েফ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮১৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান। এ হাদীসের সনদে আতা ইবন সাইব (রহঃ) থেকে শ্রবণের বিষয়ে হাদীস বিশারদগণের মত পার্থক্য রয়েছে আলী (রহঃ) বলেন, ইয়াহ্যাইয়া ইবন সাইদ (রহঃ) বলেছেনঃ যারা আতা ইবন সাইব (রহঃ) থেকে পূর্বের হাদীস শুনেছেন তাদের এই শ্রবণ সঠিক। আতা ইবন সাইব-যায়ান (রহঃ) সূত্রে বর্ণিত দু'টো হাদীস ছাড়া তার বরাতে শু'বা ও সুফিয়ান (রহঃ) এর হাদীস শ্রবণ সহীহ। শু'বা (রহঃ) বলেনঃ আতা ইবন সাইব-যায়ান (রহঃ) সূত্রে বর্ণিত দু'টো হাদীস আমি আতা (রহঃ)-এর শেষ বয়সে শুনেছি। বলা হয়, শেষ বয়সে আতা ইবন

সাইব (রহঃ) এর স্মরণ শক্তি নষ্ট হয়ে গিয়েছিল। এ বিষয়ে আস্মার, আবু মসা ও আনাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Narrated Ya'la bin Murrah:

"The Prophet (ﷺ) saw a man wearing Khuluq and said: 'Go and wash it, then wash it, then do not use it again.'"

হাদিসের মান: ঘঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: ইয়া'লা ইবনু মুররাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38168>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন